গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২০৪/২০১৮-২০১৯
ঢাকা, সোমবার ২৯ এপ্রিল ২০১৯, ১৬ বৈশাখ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ধর্ষণসহ সামাজিক অনাচারের বিচার দ্রুত করুন :
জাতীয় আইনগত সহায়তা দিবসের উদ্বোধন অনুষ্ঠানে সংশ্লিষ্টদের প্রতি প্রধানমন্ত্রী
২ । উদ্ভিদের জাত সংরক্ষণ বিল পাস
৩। ব্যাংকখাতে শীঘ্রই গ্রহণযোগ্য সুদহার : সংসদে অর্থমন্ত্রী
আগামী বাজেটে পুঁজিবাজারের জন্য প্রণোদনা থাকবে : সংসদে অর্থমন্ত্রী
৪। সব শিক্ষাপ্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন করা হবে : সংসদে তথ্যপ্রযুক্তিমন্ত্রী
৫। অভিবাসীদের সুযোগ সুবিধা বাড়াতে সরকার কাজ করছে : পরিকল্পনামন্ত্রী
৬। দেশে গড় আয়ু বেড়েছে : মানিকগঞ্জে স্বাস্থ্যমন্ত্রী
৭। তৈরিপোশাকের উপযুক্ত মূল্য নিশ্চিত করুন : যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদলকে বাণিজ্যমন্ত্রী
৮। রফতানি বহুমুখীকরণে ইইউর সহায়তা চান বাণিজ্যমন্ত্রী
৯। কর্মক্ষেত্রে যথাযথ স্বাস্থ্যসেবা ও নিরাপত্তার স্বীকৃতি পেয়েছে ২৪ প্রতিষ্ঠান
১০। বনভূমি বাড়াতে গবেষণা কাজে লাগাতে হবে : চট্টগ্রামে পরিবেশমন্ত্রী
১১। টিকিট কাটার মোবাইল অ্যাপ রেলসেবা চালু
১২। জাতিসংঘ রোহিঙ্গাদের ভাসানচরে স্থানান্তরে বিরোধী নয় : পররাষ্ট্র প্রতিমন্ত্রী
১৩। প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে উপযুক্ত লাইব্রেরিয়ান নিয়োগ দেওয়া হবে : সংস্কৃতি প্রতিমন্ত্রী
১৪। রমজানে নিত্যপণ্যের দাম বাড়বে না : দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র
১৫। তথ্য সচিবের সাথে বৈঠক : বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন প্রচারে যোগ দেবে ভয়েস অভ্ আমেরিকা
১৬। প্রধানমন্ত্রীর নির্দেশে সংগীতশিল্পী সুবীর নন্দীকে আজ সিঙ্গাপুর নেওয়া হচ্ছে

চলমান পাতা-২

১। **ধর্ষণসহ সামাজিক অনাচারের বিচার দ্রুত করুন :**
**জাতীয় আইনগত সহায়তা দিবসের উদ্বোধন অনুষ্ঠানে সংশ্লিষ্টদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আদালতে মামলার দীর্ঘসূত্রতা কমানোর পাশাপাশি খুন-ধর্ষণ-আগুন দিয়ে পুড়িয়ে হত্যাসহ গুরুতর অপরাধগুলোর দ্রুত ও দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা দিয়েছেন। গতকাল (২৮ এপ্রিল রোববার) রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে 'জাতীয় আইনগত সহায়তা দিবস' এর উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ নির্দেশনা দিয়ে বলেন, এসব অপরাধের বিচার যেন খুব দ্রুত হয় এবং অপরাধীরা কঠোর সাজা পায় সেদিকে খেয়াল রাখতে হবে। প্রধানমন্ত্রী বলেন, অনেকে বছরের পর বছর কারাগারে আটকে রয়েছেন, কেন আটকে রয়েছে তারা নিজেরাও জানেন না। কিভাবে আইনি সহায়তা পাবেন তাও তাদের অজানা। সেই বিষয়টা দেখার জন্য আমরা ইতোমধ্যে ব্যবস্থা নিয়েছি। মামলা দীর্ঘসূত্রতা ও জট কমাতে অধঃস্তন আদালতের জন্য বিচারক নিয়োগ, নতুন নতুন আদালত, ট্রাইব্যুন্যাল স্থাপনসহ প্রয়োজনীয় পদ সৃষ্টি ও নিয়োগ, উচ্চতর প্রশিক্ষণসহ সরকারের বিভিন্ন উদ্যোগের কথা তুলে ধরেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, প্রতিটি মানুষ যেন ন্যায় বিচার পায়। বিচার বিভাগের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে তথ্যপ্রযুক্তির ব্যবহার বিচার বিভাগের সর্বত্র পৌঁছে দিতে সরকারের উদ্যোগ এবং ই-জুডিশিয়ারি প্রকল্পের কথা তুলে ধরেন তিনি। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (শেষ পৃ,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৭)।

২ । **উদ্ভিদের জাত সংরক্ষণ বিল পাস**

উদ্ভিদের নতুন জাত উদ্ভাবন, উদ্ভাবিত কোনো জাত বা বীজ নিয়ে একতরফা বাণিজ্যের

অপব্যবহাররোধ ও বাণিজ্যিক কারণে কোনো জাত বা বীজের বিষয়ে মিথ্যা তথ্য দিয়ে বাজারজাত করলে সর্বোচ্চ দুই বছরের কারাদন্ড ও ৫ লাখ টাকার জরিমানার বিধান রেখে 'উদ্ভিদের জাত সংরক্ষণ বিল-২০১৯' বিল পাস করেছে সংসদ। ডেপুটি স্পিকার এ্যাডভোকেট ফজলে রাব্বি মিয়ার সভাপতিত্বে সংসদে গতকাল (২৮ এপ্রিল রোববার) বিলটি কণ্ঠভোটে পাস হয়। বিলটি পাসের প্রস্তাব করেন কৃষিমন্ত্রী ড. আবদুর রাজ্জাক। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.৬)।

৩। **ব্যাংকখাতে শীঘ্রই গ্রহণযোগ্য সুদহার : সংসদে অর্থমন্ত্রী**
**আগামী বাজেটে পুঁজিবাজারের জন্য প্রণোদনা থাকবে : সংসদে অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, দেশের সামগ্রিক অর্থনীতি অত্যন্ত চাঙ্গা ও শক্তিশালী। বিশ্বব্যাংকও আমাদের এ গতিশীলতা দেখে উচ্ছ্বসিত। আমি বিশ্বাস করি, পুঁজিবাজার নিয়ন্ত্রণ করতে না পারলে আমাদের এ এগিয়ে যাওয়া থেমে যাবে। আগামী বাজেটে পুঁজিবাজারের জন্য প্রণোদনা থাকবে বলে জানান তিনি। গতকাল (২৮ এপ্রিল রোববার) সংসদে প্রশ্নোত্তরপর্বে অর্থমন্ত্রী এসব কথা বলেন। অপর এক সম্পূরক প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী বলেন, শিল্প ও বাণিজ্যের উন্নয়নে প্রধানমন্ত্রী সবসময়ই বলে আসছেন সুদহার সিঙ্গেল ডিজিট হওয়া উচিত। সে লক্ষ্যে ইতোমধ্যে আমরা কাজ শুরু করেছি। শীঘ্রই একটা গ্রহণযোগ্য সুদহার নির্ধারণ করতে পারবো। সংসদে অপর এক প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী আরো বলেন, দেশে বর্তমানে বেসরকারিখাতে ৩১টি লাইফ ও ৪৫টি নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি ব্যবসা পরিচালনা করছে। নতুন কোনো বেসরকারি লাইফ বা ননলাইফ ইন্স্যুরেন্স কোম্পানি খোলার পরিকল্পনা সরকারের আপাতত নেই। অন্য এক প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী সংসদকে জানান, দেশে বর্তমানে মোট করদাতা ৪০ লাখ ৩৭ হাজার ৪২৯ জন। করদাতার সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে সরকার বেশকিছু পদক্ষেপ নিয়েছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.১,ক.৮), **নিউ এজ** (পৃ.১,ক.৭), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

৪। **সব শিক্ষাপ্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন করা হবে : সংসদে তথ্যপ্রযুক্তিমন্ত্রী**

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তাফা জব্বার দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে পর্যায়ক্রমে ডিজিটাল ল্যাব স্থাপন করা হবে। গতকাল (২৮ এপ্রিল রোববার) একাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশেনে প্রশ্নোত্তরপর্বে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.৪,ক.৫)।

**৫। অভিবাসীদের সুযোগ সুবিধা বাড়াতে সরকার কাজ করছে : পরিকল্পনামন্ত্রী**

বাংলাদেশ যে আজ উন্নয়নের রোল মডেল হিসেবে পরিচিত তার পেছনে অভিবাসীদের অবদান স্বীকার্য। বিভিন্ন সময়ে বিভিন্ন দেশে শ্রমিকরা বিশেষ করে নারী শ্রমিকরা অনাকাঙ্কিত পরিস্থিতির মুখোমুখি হয়, এটা কোনোভাবেই কাম্য নয়। কীভাবে অভিবাসীদের সুযোগ-সুবিধা বাড়ানো যায় এবং পদ্ধতিগত জটিলতাগুলো দূর করা যায় সেজন্য সরকার কাজ করছে বলে জানান পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান। গতকাল (২৮ এপ্রিল রোববার) রেফিউজি এ্যান্ড মাইগ্রেটরি মুভমেন্টস রিসার্চ ইউনিটের (রামরু) অভিবাসন ও সোনার মানুষ সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.৮)।

**৬। দেশে গড় আয়ু বেড়েছে : মানিকগঞ্জে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালেক বলেছেন, কমিউনিটি ক্লিনিক গ্রামীণ স্বাস্থ্যসেবার উন্নয়ন ঘটিয়েছে। ক্লিনিকগুলোতে এখন ৩০ রকমের ওষুধ বিনামূলে দেওয়া হচ্ছে। স্বাস্থ্যসেবা উন্নয়নের কারণে শিশু মৃত্যুর হার কমেছে, প্রসূতি মৃত্যুর হার কমেছে। মানুষের গড় আয়ু বেড়েছে। আগামীতে দেশে আরও কমিউনিটি ক্লিনিক নির্মাণ করা হবে। কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠা দিবস উপলক্ষে গতকাল (২৮ এপ্রিল রোববার) মানিকগঞ্জ জেলা হাসপাতাল মিলনায়তনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১)।

**৭। তৈরিপোশাকের উপযুক্ত মূল্য নিশ্চিত করুন : যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদলকে বাণিজ্যমন্ত্রী**

মার্কিন যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের তৈরিপোশাকের উপযুক্ত মূল্য নিশ্চিত করতে যুক্তরাষ্ট্রের প্রতি আহ্বান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেন, অপ্রত্যাশিত রানা প্লাজা দুর্ঘটনার পর বাংলাদেশ তৈরিপোশাক সেক্টরে আমূল পরিবর্তন এনেছে। তৈরিপোশাক কারখানাগুলোকে আধুনিক ও কর্মবান্ধব করা হয়েছে। বিনিয়োগ বৃদ্ধির ফলে তৈরিপোশাকের উৎপাদন ব্যয় উল্লেখযোগ্যহারে বৃদ্ধি পেয়েছে। সে তুলনায় ক্রেতারা পণ্যের মূল্য বাড়াচ্ছে না। মার্কিন যূক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের তৈরিপোশাকের উপযুক্ত মূল্য নিশ্চিত করা জরুরি। গতকাল (২৮ এপ্রিল রোববার) সচিবালয়ে ঢাকা সফররত মার্কিন ডেপুটি অ্যাসিসটেন্ট জেবা রিয়াজউদ্দিন, বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত রবার্ট আর্ল মিলারসহ **১২** সদস্যের এক প্রতিনিধিদল এর সঙ্গে মত বিনিময়ের সময় বাণিজ্যমন্ত্রী এ আহ্বান জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সমকাল** (পৃ.১২,ক.১), **অবজারভার** (পৃ.৮,ক.১)।

**৮। রফতানি বহুমুখীকরণে ইইউর সহায়তা চান বাণিজ্যমন্ত্রী**

রফতানি বহুমুখীকরণে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) সহযোগিতা চেয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেছেন, রফতানি আয়ে নির্দিষ্ট পণ্যের নির্ভরতা থেকে বের হতে বাংলাদেশের এখন বহুমুখীকরণ জরুরি। এ জন্য ইইউর সহযোগিতা দরকার। বিশেষ করে প্রক্রিয়াজাত কৃষিপণ্য, জাহাজ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ওষুধ ও উচ্চ মূল্যের তৈরি পোশাকপণ্য রফতানিতে ইইউর সহযোগিতা দরকার। ইইউ এসব খাতে সহযোগিতা করলে উৎপাদনশীলতা, দক্ষতা ও প্রযুক্তিগত উন্নয়ন হবে। পাশাপাশি এসব খাতে বাংলাদেশে বিনিয়োগেরও আহ্বান জানিয়েছেন মন্ত্রী। গতকাল (২৮ এপ্রিল রোববার) সচিবালয়ে অনুষ্ঠিত ইইউ-বাংলাদেশ ব্যবসা পরিবেশ সংলাপের পঞ্চম বৈঠকে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন টিপু মুনশি। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.২), **সংবাদ** (শেষ পৃ,ক.৭)।

**৯। কর্মক্ষেত্রে যথাযথ স্বাস্থ্যসেবা ও নিরাপত্তার স্বীকৃতি পেয়েছে ২৪ প্রতিষ্ঠান**

কারখানায় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা প্রতিষ্ঠার স্বীকৃতি পেল তৈরিপোশাক, পাট, চা, ওষুধ ও চামড়া শিল্পের ২৪টি প্রতিষ্ঠান। নিরাপত্তা ও শ্রমিকদের স্বাস্থ্যসেবায় ধারাবাহিক উচ্চ মান রক্ষার বিবেচনায় এ পুরস্কার দেওয়া হলো। গতকাল (২৮ এপ্রিল রোববার) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে এক অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি এবং শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান এসব প্রতিষ্ঠানের প্রতিনিধিদের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭)।



**১০। বনভূমি বাড়াতে গবেষণা কাজে লাগাতে হবে : চট্টগ্রামে পরিবেশমন্ত্রী**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী মো. শাহাব উদ্দিন বলেছেন, বন উজাড় হয়ে যাচ্ছে। তা কঠোরভাবে বন্ধ করতে হবে। অবৈধভাবে কেউ যাতে বন দখল করতে না পারে সে জন্য সবাইকে নিজেদের অবস্থান থেকে দায়িত্ব পালন করতে হবে। তিনি বলেন, আমরা বনাঞ্চল আরও বাড়াতে চাই। তাই কী ধরনের বনায়ন করলে বনাঞ্চলের পরিমাণ বাড়বে, তা গবেষণা করে বের করতে হবে। পাশাপাশি এখানে যে ধরনের গবেষণা হচ্ছে, তাও কাজে লাগাতে হবে। গতকাল (২৮ এপ্রিল রোববার) চট্টগ্রাম নগরীর ষোলশহরে বাংলাদেশ বন গবেষণাগার ইনস্টিটিউটের (বিএফআরআই) বিভিন্ন বিভাগ পরিদর্শন শেষে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫)।

**১১। টিকিট কাটার মোবাইল অ্যাপ রেলসেবা চালু**

বাংলাদেশ রেলওয়ের টিকিট ক্রয় সহজীকরণসহ যাত্রীসেবা নিশ্চিতের লক্ষ্যে ওয়ান স্টপ মোবাইল অ্যাপ 'রেলসেবা'র উদ্বোধন করা হয়েছে। গতকাল (২৮ এপ্রিল রোববার) রাজধানীর কমলাপুর রেলস্টশনে এ অ্যাপ উদ্বোধন করেন রেলমন্ত্রী নুরুল ইসলাম সুজন। অনুষ্ঠানে রেলপথমন্ত্রী বলেন, যাত্রীগণ এখন থেকে রেলের ৫০ শতাংশ টিকিট এ অ্যাপের মাধ্যমেই কাটতে পারবেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.৮)।

**১২। জাতিসংঘ রোহিঙ্গাদের ভাসানচরে স্থানান্তরে বিরোধী নয় : পররাষ্ট্র প্রতিমন্ত্রী**

জাতিসংঘ রোহিঙ্গাদের ভাসানচরে স্থানান্তরের বিরোধী নয় বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম। গতকাল (২৮ এপ্রিল রোববার) ঢাকায় বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ মিলনায়তনে (বিআইআইএসএস) 'রোহিঙ্গা সংকট : রাখাইনে টেকসই সমাধানে আন্তর্জাতিক ভূমিকা' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান। পররাষ্ট্র প্রতিমন্ত্রী এ সময় ভাসানচর সম্পর্কে বিভিন্ন আন্তর্জাতিক গণমাধ্যমের নেতিবাচক সংবাদ প্রকাশের সমালোচনা করেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.১)।

**১৩। প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে উপযুক্ত লাইব্রেরিয়ান নিয়োগ দেওয়া হবে : সংস্কৃতি প্রতিমন্ত্রী**

সংস্কৃতিবিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালিদ বলেছেন, ২০১০ সালের জাতীয় শিক্ষানীতি অনুযায়ী প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে একজন লাইব্রেরিয়ান নিয়োগ দেওয়ার কথা বলা হয়েছে। সে অনুযায়ী বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে নামমাত্র লাইব্রেরিয়ানের পদ রয়েছে যিনি অপেশাদার ও লাইব্রেরি ব্যবস্থাপনায় দক্ষ নন। এর পরিবর্তন ঘটিয়ে প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে লাইব্রেরি ব্যবস্থাপনায় ডিগ্রীধারী, দক্ষ ও পেশাদার তথা উপযুক্ত লাইব্রেরিয়ান নিয়োগ দেয়া হবে এবং একটি পাঠ উপযোগী কার্যকর লাইব্রেরি প্রতিষ্ঠা করা হবে। এতে একইসঙ্গে নতুন প্রজন্ম গ্রন্থাগার ও বইমনস্ক হয়ে গড়ে উঠবে। এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের প্রয়োজনীয় সহযোগিতা গ্রহণ করা হবে। গতকাল (২৮ এপ্রিল রোববার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রের উইন্ডি টাউন হলে গণগ্রন্থাগার অধিদফতর ও ব্রিটিশ কাউন্সিলের যৌথ আয়োজনে 'গণগ্রন্থাগারের উন্নয়নে জাতীয় নীতি বিষয়ক কর্মশালা' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **যুগান্তর** (পৃ.১৭,ক.৩)।

**১৪। রমজানে নিত্যপণ্যের দাম বাড়বে না : দক্ষিণ সিটি কপোরেশনের মেয়র**

আসন্ন রমজানে নিত্যপণ্যের দাম বাড়বে না বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। গত বছরের তুলনায় এবার দাম কম থাকবে বলেও আশ্বস্ত করেন তিনি। গতকাল (২৮ এপ্রিল রোববার) নগরভবনে নিত্যপণ্যের ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক শেষে মেয়র আরও বলেন, ব্যবসায়ীরা জানিয়েছেন এবার পর্যাপ্ত পরিমাণ মজুদ রয়েছে, যা রমজানের পর সামনের পূজায়ও সরবরাহ করা যাবে। এতে করে ছোলা, চিনি, মসুর ডাল, সয়াবিন তেল, আটাসহ অতিপ্রয়োজনীয় খাদ্যদ্রব্যের দাম কোনোক্রমেই বাড়বে না। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৩), **যুগান্তর** (পৃ.২,ক.৮)।



**১৫। তথ্য সচিবের সাথে বৈঠক : বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন প্রচারে যোগ দেবে ভয়েস অভ্‌ আমেরিকা**

২০২০ সালের ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে বিশ্বব্যাপী প্রচার কার্যক্রমে যোগ দেবে জনপ্রিয় বেতার মাধ্যম ভয়েস অভ্‌ আমেরিকা। ২০২০ সালের ১৭ মার্চ থেকে

২০২১ সালের ১৭ মার্চ 'মুজিব বর্ষ' উদ্‌যাপনে নিয়মিতভাবে বঙ্গবন্ধুর ওপর বিভিন্ন অনুষ্ঠান প্রচার করবে সংবাদমাধ্যমটি। গতকাল (২৮ এপ্রিল রোববার) সচিবালয়ে তথ্য সচিব আবদুল মালেকের সঙ্গে বাংলাদেশ সফররত ভয়েস অভ্ আমেরিকার আঞ্চলিক বিপণন পরিচালক ড. জয়েস গোহ এবং দক্ষিণ এশিয়া বাণিজ্য প্রসার প্রতিনিধি মনোজ রায়ের সঙ্গে বৈঠকে এ বিষয়ে ঐকমত্য হয়। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **সংবাদ** (পৃ.৪,ক.৪)।

**১৬। প্রধানমন্ত্রীর নির্দেশে সংগীতশিল্পী সুবীর নন্দীকে আজ সিঙ্গাপুর নেওয়া হচ্ছে**

অসুস্থ সংগীতশিল্পী সুবীর নন্দীকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে উন্নত চিকিৎসার জন্য আজ (২৯ এপ্রিল সোমবার) সিঙ্গাপুরে নিয়ে যাওয়া হচ্ছে। প্রধানমন্ত্রীর প্রেস সচিব বলেন, ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসাধীন একুশে পদকপ্রাপ্ত শিল্পী সুবীর নন্দীর উন্নত চিকিৎসার জন্য প্রধানমন্ত্রীর নির্দেশে এয়ার অ্যাম্বুলেন্সযোগে আজ সিঙ্গাপুর নিয়ে যাওয়া হচ্ছে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৮), **যুগান্তর** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** গাজীপুরের টঙ্গী ও যশোরের পুলেরহাটের কিশোর (বালক) উন্নয়ন কেন্দ্রের সাম্প্রতিক হিসাব অনুযায়ী , সেখানে অবস্থানরত কিশোরদের ২০ শতাংশ খুনের মামলা আর ২৪ শতাংশ নারী ও শিশু নির্যাতন মামলার আসামি এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে এ অবস্থা নিরসনে আইনের শাসন নিশ্চিত করার পাশিপাশি সামাজিক ও পারিবারিকভাবে সচেতনতা সৃষ্টির আহ্বান।

খ. **সংবাদ :** বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর অনিয়ম-দুর্নীতি দূর করতে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

গ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** তীব্র গরমে ডায়ারিয়ার প্রকোপ বেড়ে গেছে উল্লেখ করে এ অবস্থা প্রতিরোধে সুপেয় পানি পান ও স্বাস্থ্যকর খাবার খাওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ইনকিলাব, সমকাল** : এবার দেশে বোরো ধানের বাম্পার ফলন হয়েছে উল্লেখ করে এ অবস্থা ধরে রাখতে কৃষককে ধানের ন্যায্যমূল্যসহ অন্যান্য সুযোগ-সুবিধা দেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যায়যায়দিন :** মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্রের হিসাবে চলতি বছরের প্রথম চার মাসেই সীমান্তে বিএসএফের গুলিতে ১১ জন বাংলাদেশি নিহত হয়েছে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে মানবাধিকার প্রশ্নে উভয় দেশ সীমান্ত হত্যা বন্ধে কার্যকর উদ্যোগ নিশ্চিত করার সুপারিশ।

চ. **সমকাল** : নড়াইল জেলার সদর হাসপাতালে অনুপস্থিত তিনজন চিকিৎসকের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এ খবরকে উৎসাহব্যঞ্জক উল্লেখ করে সারাদেশে সরকারি হাসপাতালের এ ধরণের অনিয়মের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মুজিবনগর সরকারই বাংলাদেশের প্রথম সাংবিধানিক সরকার এবং এ সরকারের যোগ্য ও দক্ষ নেতৃত্বে স্বাধীন-সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠিত হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শব্দদূষণের শিকার আমরা প্রত্যেকেই'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শব্দদূষণের মতো মারাত্মক ঘাতক সম্পর্কে সর্বসাধারণের সচেতন হওয়া খুবই জরুরি।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা